শেখ হাসিনার নির্দেশ জলবায়ু সহিষ্ণু
বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
জলবায়ু পরিবর্তন -২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moef.gov.bd

স্মারক নম্বর: ২২.০০.০০০০.০৮৬.১৪.০২৭.২২.৩৫

তারিখ: ২৬ মাঘ ১৪২৯
০৯ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: **জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড (CCTF) এর অর্থায়নে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট কর্তৃক বাস্তবায়নাধীন "জনসচেতনতা সৃষ্টি ও প্রশিক্ষণের মাধ্যমে জলবায়ু পরিবর্তনের বিরুপ প্রভাব মোকাবেলা" শীর্ষক প্রকল্পের প্রশাসনিক অনুমোদন আদেশ জারি প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গত ২৬ জুন ২০২২ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (BCCT) এর ট্রাস্টি বোর্ডের ৫৬তম সভায় জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড (CCTF) এর অর্থায়নে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট কর্তৃক বাস্তবায়নাধীন "জনসচেতনতা সৃষ্টি ও প্রশিক্ষণের মাধ্যমে জলবায়ু পরিবর্তনের বিরুপ প্রভাব মোকাবেলা" শীর্ষক প্রকল্প প্রস্তাব ৫০০.০০ (পাঁচশত) লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে আনুপাতিক হারে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। প্রকল্পের অনুমোদিত ব্যয় বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড হতে নির্বাহ করা হবে। এমতাবস্থায়, ট্রাস্টি বোর্ডের ৫৬তম সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে বর্ণিত প্রকল্পের প্রশাসনিক অনুমোদন আদেশ জারি করা হলো।অনুমোদিত প্রকল্প প্রস্তাবের এক প্রস্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হ'ল।

প্রকল্পের মূল মেয়াদ: আগস্ট ২০২২ হতে জুলাই ২০২৪ পর্যন্ত।
বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (বিসিসিটি)।
প্রকল্পটির অনুমোদিত আইটেম ও আইটেমওয়ারী ব্যয় বিভাজন নিম্নরূপঃ

(অংকসমূহ লক্ষ টাকায়)

| ক্র: নং | অর্থনৈতিক কোড | খাতের বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ০১ | ৪৮০০ | সরবরাহ ও সেবা | - |
| | ৩১১১২০১ | কর্মচারীদের বেতন (০২জন) | ৯.০৫ |
| | ৩২৫৭১০৩ | প্রকল্প এলাকায় জলবায়ু বিরুপ প্রভাব বিষয়ে ধারণা ও জনগণের সচেতনতা বিষয়ে স্টাডি | ৩০.০০ |
| | ৩২৫৭১০১ | প্রকল্প এলাকার জন্য ট্রেনিং ম্যানুয়াল প্রস্তুত | ৮.০০ |
| | ৩২৫৫১০৫ | স্টেশনারি | ৫.০০ |
| | ৩২৫৫১০৪ | সিল ও স্ট্যাম্প | ২.০০ |
| | ৩২৪১১০১ | অভ্যন্তরীন ভ্রমন ব্যয় | ৫.০০ |
| | ৩২৫৮১০২ | আসবাবপত্র (ট্রেনিং/সেমিনার রুমের জন্য) | ১৫.০০ |
| | ৩২৫৫১০২ | মুদ্রণ ও বাধাই | ২০.০০ |
| | ৩২১১১২৫ | প্রচার ও বিজ্ঞাপন | ৫০.০০ |
| | ৩২১১১১১ | ওয়ার্কশপ (১২টি) | ২০.০০ |
| | ৩২১১১১১ | সেমিনার (জাতীয় পর্যায়ে) ২টি | ১০.০০ |
| | ৩২৩১৩০১ | প্রশিক্ষণ (৩২টি) | ১৪৫.০০ |
| | ৩১১১৩৩২ | সম্মানী ভাতা/ফি/পারিশ্রমিক | ৮.০০ |
| | ৩২৩১৩০১ | বিসিসিটি কর্মকর্তাদের প্রশিক্ষণ (পিজিডি, ডিপ্লোমা, মাস্টার্স, অন্যান্য সার্টিফিকেট কোর্স) | ২০.০০ |
| | ৩২৪৩১০২ | জ্বালানী | ৮.০০ |
| | ৩২২১১০৯ | ব্যবস্থাপনা ব্যয় | ৫.০০ |
| (ক) মোট রাজস্ব ব্যয় | | | ৩৬০.০৫ |
| ০১ | ৭০০ | নির্মাণ ও পূর্ত | - |
| | ৪১১২২০২ | ল্যাপটপ (৫টি) | ৭.৫০ |
| | | কম্পিউটার ও যন্ত্রাংশ (ডেস্কটপ কম্পিউটার-১০টি, ইউপিএস-১০টি, স্ক্যানার-১০টি, ও প্রিন্টার-১০টি এবং অন্যান্য) | ২০.০০ |
| | ৪১১২৩০২ | ডিজিটাল ক্যামেরা (ডিএসএলআর-১টি) | ৩.০০ |
| | ৪১১২৩১০ | ডিজিটাল ডিসপ্লে | ১৫.০০ |
| | | মাল্টিমিডিয়া প্রজেক্টর-১টি | ৩.০০ |
| | | ফটোকপিয়ার-২টি | ৫.০০ |
| | ৪১১২১০১ | মাইক্রোবাস ক্রয়-১টি | ৪০.০০ |
| | ৩২১১১২৬ | ভিডিও নির্মাণ-৩টি | ২০.০০ |
| | | ক্ষুদ্র নাটিকা/গম্ভীরা নির্মাণ-২টি | ২৪.০০ |
| (খ) মোট মূলধন ব্যয় | | | ১৩৭.৫০ |
| সর্বমোট ব্যয় (ক+খ) | | | ৪৯৭.৫৫ |

তবে শর্ত থাকে যে, অর্থ মন্ত্রণালয়ের গত ০৩ জুলাই ২০২২ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯.০১ নং পরিপত্র অনুযায়ী (কপি সংযুক্ত (2841/potrojariAttachmentRef/23261/0/977)) ২০২২-২৩ অর্থ বছরে সকল প্রকার যানবাহন ক্রয় বন্ধ, আপ্যায়ন ব্যয়, ভ্রমণ ব্যয়, অন্যান্য মনিহারি, কম্পিউটার ও আনুষঙ্গিক, বৈদ্যুতিক সরঞ্জাম, আসবাবপত্র ও প্রশিক্ষণ খাতে জরুরি ও অপরিহার্য ক্ষেত্র বিবেচনায় সর্বোচ্চ ৫০% ব্যয় করতে হবে।

প্রকল্প বাস্তবায়নের অন্যান্য শর্তাবলীঃ

১। প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন, সংশোধন, বাস্তবায়ন, অর্থ অবমুক্তি এবং ব্যবহার নীতিমালা অনুসরণ করতে হবে। প্রকল্পের কাজ শুরুর পূর্বে (pre-work) এবং কাজ চলাকালীন (post work) এর স্থির চিত্র/ভিডিও সংরক্ষণ করতে হবে;

২। এ অর্থ সরকারের প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক ব্যয় করতে হবে এবং প্রকল্পের আওতায় উল্লিখিত ক্রয়ের ক্ষেত্রে বাংলাদেশ সরকারের Public Procurement Act (PPA), ২০০৬ এবং Public Procurement Rule (PPR), ২০০৮ অনুসরণ করতে হবে;

৩। এ অনুমোদন আদেশ জারির পর প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয় যথাশীঘ্র প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ করবে এবং বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করবে;

৪। অনুমোদিত প্রকল্প প্রস্তাব বহির্ভূত কোনো অংশে এ অর্থ ব্যয় করা যাবে না;

৫। প্রকল্পের আওতায় Project Implementation Committee (PIC) গঠনপূর্বক বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টকে অবহিত করতে হবে;

৬। প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প কার্যক্রম নিয়মিত মনিটরিংপূর্বক প্রতিবেদন বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে প্রেরণ করতে হবে;

৭। অনুমোদিত প্রকল্পের অর্থছাড়ের ক্ষেত্রে ব্যয় বিভাজন (চার কিস্তির অর্থ সমভাবে বিভক্তপূর্বক) নির্ধারিত ছকে প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে প্রেরণ করতে হবে;

৮। প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি (বাস্তব ও আর্থিক) প্রতিবেদনের হার্ড কপি এবং সফট্ কপি bcctmoef@hotmail.com এ ই-মেইল ঠিকানায় প্রেরণ নিশ্চিত করতে হবে;

৯। প্রকল্প বাস্তবায়ন শুরুর পূর্বে প্রকল্প এলাকার বর্তমান অবস্থা/পরিস্থিতির রঙ্গিন ছবি ট্রাস্ট কার্যালয়ে প্রেরণ করতে হবে;

১০। প্রকল্প পরিচালকের কার্যালয়ে এবং প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন এলাকায় বিসিসিটি কর্তৃক নির্ধারিত পরিমাপ (৩ ফুট বাই ২ ফুট) ও স্পেসিফেকেশন অনুযায়ী প্রকল্পের সংশ্লিষ্ট তথ্য সম্বলিত দৃশ্যমান সাইনবোর্ড স্থাপন করতে হবে;

১১। সংশোধিত জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড ব্যবহার নীতিমালা অনুযায়ী অনুমোদন আদেশ জারির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে প্রকল্পের কার্যক্রম শুরু করা না হলে প্রকল্পের অনুমোদন আদেশ বাতিল বলে গণ্য হবে;

১২। প্রকল্প কার্যক্রম নির্ধারিত সময়ে সমাপ্ত করতে হবে এবং জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড ব্যবহার নীতিমালার অনুচ্ছেদ ১০.১ অনুযায়ী প্রকল্পের সার্বিক ও আর্থিক দায়ভার প্রকল্প পরিচালক/ বাস্তবায়নকারী মন্ত্রণালয়/সংস্থার উপর বর্তাবে এবং প্রকল্প শেষে অডিট রিপোর্টের কপি বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে যথাসময়ে প্রেরণ করতে হবে;

১৩। প্রকল্পের ব্যাংক বিবরণীসহ অব্যয়িত অর্থ সুদ সমেত এবং প্রকল্পের অনুকূলে ক্রয়কৃত মালামাল ও যন্ত্রপাতি বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে ফেরত প্রদান করতে হবে।

১৪। বাস্তব বাজার দরের সাথে মিল রেখে মূল্য নির্ধারণকরত: গুণগতমান বজায় রেখে স্রেডা (SREDA) কর্তৃক অনুমোদিত ডিজাইন ও স্পেসিফিকেশন অনুযায়ী প্রস্তাবিত কাজ বাস্তবায়ন করতে হবে।

১৫। প্রকল্প সমাপ্তির ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে প্রকল্প পরিচালক কর্তৃক প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) নির্ধারিত ছকে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে প্রেরণ করতে হবে।

৯-২-২০২৩
লুবনা ইয়াসমীন
যুগ্মসচিব
ফ্যাক্স: ৯৫৪০২১০
ইমেইল: secretary@moef.gov.bd

ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, মহাখালী, ঢাকা
(অনুমোদিত প্রকল্প প্রস্তাবের ১ প্রস্তসহ)।

স্মারক নম্বর: ২২.০০.০০০০.০৮৬.১৪.০২৭.২২.৩৫/১(৬)

তারিখ: ২৬ মাঘ ১৪২৯
০৯ ফেব্রুয়ারি ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) জেলা প্রশাসক,যশোর/নড়াইল/গোপালগঞ্জ/শরিয়তপুর/চাঁদপুর/সাতক্ষীরা/খুলনা/বাগেরহাট/পিরোজপুর/ঝালকাঠি/বরগুনা/বরিশাল/পটুয়াখালী/ভোলা/লক্ষীপুর/ নোয়াখালী/ফেনী/চট্টগ্রাম/কক্সবাজারসদর/দিনাজপুর/রংপুর/পাবনা/রাজশাহী/বগুড়া/জয়পুরহাট/নওগাঁ/সুনামগঞ্জ/কিশোরগঞ্জ/নেত্রকোনা/সিলেট/হবিগঞ্জ/ মৌলভীবাজার (প্রকল্পটি জেলা উন্নয়ন সমন্বয় সভায় এজেন্ডায় অন্তর্ভুক্তকরণ এবং পরিবীক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

২) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।

৩) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (উপমন্ত্রী মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।

৪) সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।

৫) উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর/নড়াইল সদর/গোপালগঞ্জ সদর/শরিয়তপুর সদর/চাঁদপুর সদর/সাতক্ষীরা সদর/খুলনা সদর/বাগেরহাট সদর/ পিরোজপুর সদর/ঝালকাঠি সদর/বরগুনা সদর/বরিশাল সদর/পটুয়াখালী সদর/ভোলা সদর/লক্ষীপুর সদর/নোয়াখালী সদর/ফেনী সদর/চট্টগ্রাম সদর/কক্সবাজার সদর/দিনাজপুর সদর/রংপুর সদর/পাবনা সদর/রাজশাহী সদর/বগুড়া সদর/জয়পুরহাট সদর/নওগাঁ সদর/সুনামগঞ্জ সদর/কিশোরগঞ্জ সদর/নেত্রকোনা সদর/ সিলেট সদর/হবিগঞ্জ সদর/মৌলভীবাজার সদর।

৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৯-২-২০২৩
লুবনা ইয়াসমীন
যুগ্মসচিব